

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮১৩

১৫/ হজ্জ (حما باتك)

পরিচ্ছেদঃ ১৫/৪৯. রাত্রির শেষভাগে লোকদের ভিড়ের পূর্বে দুর্বল এবং বয়স্ক মহিলা ও অন্যদের মুজালিফা থেকে মিনায় পাঠিয়ে দেয়া মুস্তাহাব এবং অন্যান্যদের ফজরের সালাত আদায় পর্যন্ত মুজালিফায় অবস্থান করা মুস্তাহাব।

استحباب تقديم دفع الضعفة من النساء وغيرهن من مزدلفة إلى منى في أواخر الليل قبل زحمة الناس، واستحباب المكث لغيرهم حتى يصلوا الصبح بمزدلفة

## আরবী

حديث أسْمَاءَ عَنْ عَبْدِ اللهِ مَوْلَى أَسْمَاءَ، عَنْ أَسْمَاءَ، أَنَّهَا نَزَلَتْ لَيْلَةَ جَمَعِ عِنْدَ الْمُزْدَلِفَةِ، فَقَامَتْ تُصلِّي، فَصلَّتْ سَاعَةً ثُمَّ قَالَتْ: يَا بُنَيَّ هَلْ غَابَ الْقَمَرُ قُلْتُ: لاَ؟ فَصلَّتْ سَاعَةً ثُمَّ قَالَتْ: فَارْتَحِلُوا؛ فَارْتَحَلْنَا، وَمَضيَيْنَا فَصلَّتْ سَاعَةً ثُمَّ قَالَتْ: فَارْتَحِلُوا؛ فَارْتَحَلْنَا، وَمَضيَيْنَا حَتَّى رَمَتِ الْجَمْرَةَ، ثُمَّ رَجَعَتْ فَصلَّت الصَّبْحَ فِي مَنْزِلِهَا فَقُلْتُ لَهَا يَا هَنْتَاهُ مَا أُرَانَا إِلاَّ قَدْ غَلَّسْنَا قَالَتْ: يَا بُنَيَّ إِنَّ رَسُولَ اللهِ صلَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَذِنَ لِلظُّعُنِ

## বাংলা

৮১৩. আসমা (রাঃ) হতে বর্ণিত। তিনি মুযদালিফার রাতে মুযদালফার কাছাকাছি স্থানে পৌছে সালাতে দাঁড়ালেন এবং কিছুক্ষণ সালাত আদায় করলেন। অতঃপর বললেন, হে বৎস! চাঁদ কি অস্তমিত হয়েছে? আমি বললাম, না। তিনি আরো কিছুক্ষণ সালাত আদায় করলেন। অতঃপর বললেন, হে বৎস! চাদ কি ডুবেছে? আমি বললাম, হাাঁ। তিনি বললেন, চল। আমরা রওয়ানা হলাম এবং চললাম। পরিশেষে তিনি জামরায় কঙ্কর মারলেন এবং ফিরে এসে নিজের অবস্থানের জায়গায় ফজরের সালাত আদায় করলেন। অতঃপর আমি তাঁকে বললাম, হে মহিলা! আমার মনে হয়, আমরা বেশি অন্ধকার থাকতেই আদায় করে ফেলেছি। তিনি বললেন, বৎস! আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের জন্য এর অনুমতি দিয়েছেন।

## ফটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৫ হাজ্জ, অধ্যায় ৯৮, হাঃ ১৬৭৯; মুসলিম ১৫ হাজ্জ, অধ্যায় ৪৯, হাঃ ১২৯১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু আবূ বাকর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন